

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.২০.০২৯৭.১৮-১৭৪১/ ২৬০৭

তারিখঃ ...২২.../...০৫.../২০২২খ্রিঃ

বিষয় : PEDP-4 প্রকল্পের আওতায় 'Water Quality Monitoring' এর অংশ হিসেবে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত পানির উৎস সমূহের পানি পরীক্ষাকরণ প্রসঙ্গে।

সূত্র : ১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর স্মারক নং- ৩৮.০১.০০০০.০৪.০৪.২০১৯-৫৮০/২ তারিখঃ ২৮/১১/২০১৯ খ্রিঃ।
২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর স্মারক নং- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০০৪.২২.৮ তারিখঃ ০৩/০৫/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, PEDP-4 প্রকল্পের AOP এর 124 নং ক্রমিকে 'Water Quality Monitoring' নামে একটি কার্যক্রম অন্তর্ভুক্ত আছে। বর্ণিত কার্যক্রমের আওতায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত পানির উৎসের পানি পরীক্ষাকরণের বাধ্যবাধকতা রয়েছে। DPE ও DPHE এর মধ্যকার MoU মোতাবেক পানি পরীক্ষাকরণের জন্য অনুমোদিত বিদ্যালয়ের পানির উৎসের শতকরা ৯০ ভাগের পানি Field Test Kit এর মাধ্যমে মাঠপর্যায়ে আর্সেনিক পরীক্ষাকরণ এবং অবশিষ্ট শতকরা ১০ ভাগের পানি ল্যাবরেটরী টেস্টের মাধ্যমে পরীক্ষাকরণ সম্পন্ন হলে প্রকল্প দপ্তরের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। সূত্রস্থ (১) নং স্মারকের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে ১৫,০০০ বিদ্যালয়ের একটি অনুমোদিত তালিকা পাওয়া গেছে যার কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এফগে, সূত্রস্থ (২) নং স্মারকের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে ২৫,০৫১ বিদ্যালয়ের আরো একটি অনুমোদিত তালিকা পাওয়া গেছে যার মধ্যে ২২৫৪৬টি বিদ্যালয়ে Field Test Kit এবং ২৫০৫টি বিদ্যালয়ে Laboratory Test এর মাধ্যমে আর্সেনিক পরীক্ষাকরণ সম্পন্ন করতে হবে। বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করতে হবে।

১. মাঠপর্যায়ে আর্সেনিক পরীক্ষার জন্য RFQ পদ্ধতিতে 'Field Testing Agency' নিযুক্ত করতে হবে। Field Test Kit এর মাধ্যমে পানির আর্সেনিক পরীক্ষা সম্পন্ন করণের পর সংযুক্ত ফরম (সংযুক্তি-৪) মোতাবেক বিদ্যালয় প্রতি প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং এতে আবশ্যিকভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ পরীক্ষা সম্পন্নকারীর তত্ত্বাবধায়ক মেকানিক/উপ-সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।
২. নিযুক্ত 'Field Testing Agency' এর 'Field Tester'দের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হকব H.S.C. পাশ এবং তাদের কীট ব্যবহার করে আর্সেনিক পরীক্ষার জন্য ১ দিনের প্রশিক্ষণ নিতে হবে।
৩. 'Field Testing Agency' এর কর্মপরিধি/Terms of Reference অত্রসাথ সংযুক্ত করা হল। এ মোতাবেক বর্ণিত সংস্থা কর্তৃক নির্ধারিত ফরম ছাপানো, তালিকাভুক্ত বিদ্যালয়ে 'Field Tester'দের প্রেরণ, Arsenic Field Kit ব্যবহার করে আর্সেনিক পরীক্ষা, নির্ধারিত ফরম পূরণ এবং এ সংক্রান্ত excel data base প্রস্তুতপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
৪. ল্যাবরেটরী টেস্টের জন্য সংযুক্ত বিদ্যালয় তালিকা সংশ্লিষ্ট জোনাল ল্যাবে প্রেরণ করতঃ জোনাল ল্যাব হতে প্রাপ্ত প্রতিবেদন নির্বাহী প্রকৌশলী কর্তৃক সত্যায়িত করে প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
৫. Field এবং ল্যাবরেটরী টেস্ট উভয়ক্ষেত্রেই সংযুক্ত 'Progress Report' পূরণ করে Soft কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
৬. Field Test এবং ল্যাবরেটরী টেস্টের কাজ সম্পন্ন হলে প্রকল্প দপ্তরে তহবিলের চাহিদা প্রেরণ সাপেক্ষে প্রকল্প দপ্তর হতে সংশ্লিষ্ট খাতে তহবিল বরাদ্দ প্রদান করা হবে।
৭. মাঠপর্যায়ে আর্সেনিক পরীক্ষার যাবতীয় খরচ ঠিকাদার নির্বাহ করবে এবং কোন ক্রমেই বিদ্যালয় হতে কোন অর্থ গ্রহণ করা চলবে না।
৮. কীট স্বল্পতা/ কীটের প্রয়োজনে PEDP-4 প্রকল্পের ফোকাল পয়েন্ট, ড. সুশান্ত রায় (মোবাইল-০১৭১৬-৬১৮৮৮৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায়, আগামী ১৫/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত বিদ্যালয় সমূহের পানির উৎসের পানি পরীক্ষাকরণ সমাপনান্তে PEDP-4 প্রকল্প দপ্তরে Hardcopy এবং email যোগে (pedp4dphe@gmail.com) Soft Copy প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হল।

বিষয়টি অতীব জরুরি।

- সংযুক্তিঃ ১। অনুমোদিত বিদ্যালয়ের তালিকা।
২। 'Field Testing Agency' এর Terms of Reference।
৩। Sample Estimate।
৪। Field Test Kit দ্বারা পানির আর্সেনিক পরীক্ষার নমুনা প্রতিবেদন।
৫। 'Progress Report' এর Soft কপি।
৬। 'তহবিলের চাহিদা' ফরম।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
.....জেলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট, প্রাথমিক শিক্ষা ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। ফোকাল পয়েন্ট, PEDP-4 প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।